118

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JUN 4 1999 ... ...
পৃষ্ঠা ৬ কলাম ৪

# জানা অজানা

## লাইব্রেরি-১

লাতিন শব্দ লিবের (ীধঠণর) মানে হলো বই। আর এই লিবের শব্দ থেকে তৈরি হয়েছে লাইব্রেরি শব্দ। লাইব্রেরি হলো এমন একটি স্থান যেখানে পাঠকের সুবিধার জন্য বিষয় অনুযায়ী বইপত্র সাজিয়ে রাখা হয়।

আজ থেকে প্রায় দু'হাজার খ্রিস্টপূর্বাব্দে মধ্যপ্রাচ্যে আসিরিয়া রাজ্যে লাইব্রেরি গড়ে উঠেছিল। ঐসব অঞ্চলের লোক কাদা মাটির ফলকে শিক দয়ে লিখে, সেগুলো পুড়িয়ে নিত। পোড়ামাটির এই বই তাদের মন্দির বা প্রাসাদ সংলগ্ন লাইব্রেরিতে সংগৃহীত হতো। এই সময়ের আরেক প্রসিদ্ধ লাইব্রেরি ছিল মিসরের নীলনদের মোহনায় অবস্থিত আলেকজান্দ্রিয়া শহরে। এখানে এক শ' কুড়িটি বিভাগে প্রায় সাত লাখ বই ছিল। সে বইগুলো বেশ মজার। প্যাপিরাস নামক এক ধরনের পাতা সেকালে লেখার জন্য ব্যবহার করা হতো।

জনসাধারণের জন্য পাবলিক লাইব্রেরি সর্বপ্রথম জুলিয়াস সিজার চালু করেন রোম নগরে। সে সময়ে সেখানে ছিল আটাশটি সুবৃহৎ লাইব্রেরি, যা গড়ে উঠেছিল জনসাধারণের সহযোগিতায়। তারপর খ্রিস্টধর্মের প্রসারের সাথে সাথে গির্জার প্রয়োজনে ব্যাপক লাইব্রেরি তৈরি হতে থাকে।